

nokla.sherpur.gov.bd

আইসিটি সংক্রান্ত ফেব্রুয়ারী /২০২৪ খ্রিঃ মাসের সভার কার্যবিবরণী


সভাপতি : সাদিয়া উম্মুল বানিন  
উপজেলা নির্বাহী অফিসার  
নকলা, শেরপুর।  
সভার স্থান : উপজেলা পরিষদ অডিটোরিয়াম  
তারিখ : ২৯ ফেব্রুয়ারী ২০২৪  
সময় : সকাল ১১.৩০ ঘটিকায়  
সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট-'ক'-তে দেখানো হ'ল।

সভার প্রথমে উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভায় সভাপতি আইসিটি ব্যবহারের মাধ্যমে ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে দিকনির্দেশনামূলক বক্তব্য রাখেন এবং সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, নকলা শেরপুরকে আলোচ্যসূচি পেশ করার জন্য অনুরোধ করেন। সভায় উপস্থিত সদস্যগণ আইসিটি সংক্রান্ত বিভিন্ন বিষয় সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন এবং আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গ্রহণ করা হয় :

ক্রমিক:	আলোচ্য বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	<u>উপজেলা ও ইউনিয়ন পোর্টাল হালনাগাদ সংক্রান্তঃ</u> উপজেলা পরিষদসহ উপজেলার সকল দপ্তর এবং ইউনিয়ন সমূহের পোর্টাল সমূহ নিয়মিত হালনাগাদ, নির্ভুল কন্টেন্ট আপলোড করতে হবে। উপজেলা প্রশাসন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, প্রাণি সম্পদ অফিস, উপজেলা সমাজসেবা অফিস, উপজেলা পরিসংখ্যান অফিস, আবাসিক প্রকৌশলীর কার্যালয়, উপজেলা প্রকৌশলীর কার্যালয় ও তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা হিসাবরক্ষণ অফিস, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় নকলা শেরপুর এর ওয়েব পোর্টাল ১০০% আপডেট রয়েছে।	(ক) উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের সকল দপ্তর নিজ ওয়েব পোর্টাল মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক হালনাগাদ করার ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়। (খ) নকলা উপজেলার অন্যান্য সরকারি দপ্তরসমূহের ওয়েবপোর্টাল হালনাগাদের কাজ দ্রুত ১০০% সম্পন্ন করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। (গ) প্রত্যেক দপ্তর জন্য আইসিটি বিষয়ক একজন ফোকাল পয়েন্ট কর্মকর্তা নির্বাচনপূর্বক তথ্য উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরণ করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	১। দপ্তর প্রধানগণ (সংশ্লিষ্ট), নকলা
০২	<u>ডি-নথি বাস্তবায়ন সংক্রান্তঃ</u> যে সকল পত্র ডি-নথি সিস্টেমে আসবে সেগুলো ডি-নথিতে কার্যক্রম করতে হবে এবং বিভিন্ন মাসিক মিটিংসমূহ এর রিপোর্টসমূহ ডি-নথি সিস্টেমের মাধ্যমে প্রেরণ করতে হবে। এবং নথির কার্যক্রম বাড়াতে হবে।	১। সকল দপ্তরে ডি-নথি কার্যক্রম শুরু করার সিদ্ধান্ত গৃহীত হয়। ২। ডি-নথি সংক্রান্ত যে কোন সমস্যা সহকারী প্রোগ্রামারের সহযোগীতা নেয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট দপ্তর
০৩	<u>শেখ রাসেল ডিজিটাল ল্যাব সংক্রান্তঃ</u> নকলা উপজেলায় মোট ২০টি প্রতিষ্ঠানে শেখ রাসেল ডিজিটাল ল্যাব এবং একটি স্কুল অব ফিউচার রয়েছে। নতুন ১১টি প্রতিষ্ঠান শেখ রাসেল ডিজিটাল ল্যাব পাওয়ার জন্য সুপারিশ প্রাপ্ত হয়েছে।	১। ল্যাবগুলো নিয়মিত ব্যবহার করতে হবে, প্রতিদিন বিভিন্ন ক্লাসের গুপ ভাগ করে ১টি ব্যবহারিক ক্লাশ রাখতে হবে। রুটিনে আইসিটি ব্যবহারিক ক্লাশ সংযুক্ত করতে হবে। ২। প্রত্যেক শেখ রাসেল ল্যাবে আইসিটি ক্লাব গঠন করার জন্য পরামর্শ প্রদান করা হয়।	১। সহকারী প্রোগ্রামার ২। মাধ্যমিক শিক্ষা অফিসার।
০৪	<u>উপজেলা/ ইউনিয়ন ডিজিটাল সেন্টার কার্যক্রম সংক্রান্তঃ</u> ইউডিসির কার্যক্রম সচল ও বেগবান করা এবং এর মাধ্যমে জনসাধারণকে ডিজিটাল সেবা প্রদান করতে হবে। গত ১ জানুয়ারী /২৩ হতে ৩১ জানুয়ারী /২৩ নকলা উপজেলার ইউডিসির মোট আয়ঃ ৩৩,৯৬৮/-, মোট সেবাগ্রহীতাঃ ১,৯৬৮ জন।	১। সকল উদ্যোক্তার আয় ও সেবা প্রদান সম্পর্কে সঠিক তথ্য নিয়মিত আপলোড করতে হবে। ২। সকল ইউনিয়নের সক্রিয় উদ্যোক্তার আইডি খুলে দেয়া হয়েছে। যে সকল উদ্যোক্তার আইডি নেই তাদের নতুন করে আবার আবেদন করার জন্য অনুরোধ করা হলো।	১। উদ্যোক্তাগণ, ইউডিসি। ২। সহকারী প্রোগ্রামার

০৫	ইনফো সরকার-২ কানেকটিভিটিঃ নকলা উপজেলার ইনফো সরকার -২ এর সংযোগ বর্তমানে চালু আছে। সংযোগ নিরবিচ্ছিন্ন রাখার জন্য যথাযথ পদক্ষেপ নেয়ার জন্য অনুরোধ করা হয়।	১। সংযোগ নিরবিচ্ছিন্ন রাখার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে।	১। বিটিসিএল, ফাইবার এট হোম প্রতিনিধি
----	--	---	--------------------------------------

সভায় আর কোন আলোচনা বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।




সাদিয়া উম্মুল বানিন  
উপজেলা নির্বাহী অফিসার  
ও  
সভাপতি, উপজেলা আইসিটি কমিটি  
নকলা, শেরপুর

স্মারক নং- ০৫.০৪.৮৯৬৭.০০১.৪৩.০০১.১৯-২৪৭

তারিখঃ ২৯/০২/২০২৪খ্রি:

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-

- ১। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
- ২। প্রকল্প পরিচালক, এটুআই, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
- ৩। অতিরিক্ত জেলা প্রশাসক(শিক্ষা ও আইসিটি), শেরপুর জেলা।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, নকলা, শেরপুর।
- ৫। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, শেরপুর।
- ৬।
- .....।
- ৭। অফিস নথি।



সাইমুন শাহনাজ  
সহকারী প্রোগ্রামার  
ও  
সদস্য সচিব, উপজেলা আইসিটি কমিটি  
নকলা, শেরপুর।